Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০৭ আষাঢ় ১৪৩২

# DU in Media

21 June 2025

## যায়যায়দিন

### বিশ্ব র‍্যাংকিংয়ে ঢাবির অবস্থান ৫৮৪তম

■ যাযাদি রিপোর্ট

ব্রিটেন ভিত্তিক বিশ্ব খ্যাত শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান কোয়াককোয়ারেলি সায়মন্ডস (কিউএস) প্রকাশিত ২০২৬ সালের 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিংস ২০২৬ : টপ গ্লোবাল ইউনিভার্সিটিজ' শীর্ষক তালিকায় দ্বিতীয় বারের মতো বিশ্বের সেরা ৬০০ বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান করে নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)। র‍্যাংকিংয়ে ঢাবির পর দেশে দ্বিতীয় হয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

বিশ্ব র‍্যাংকিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৫৮৪তম। বাংলাদেশের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে এবারো ঢাবি শীর্ষ স্থান অধিকারী রয়েছে। গত বছরের র‍্যাংকিংয়েও প্রতিষ্ঠানটি দেশসেরা হয়েছিল।

বিস্তারিত ● পৃষ্ঠা ১১ কলাম ৩

### বিশ্ব র‍্যাংকিংয়ে ঢাবির অবস্থান ৫৮৪তম

(প্রথম পৃষ্ঠার পর)

এক হাজার ৫০১টি বিশ্ববিদ্যালয়ের ওপর এই র‍্যাংকিং তৈরি করা হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোর সামগ্রিক মান মূল্যায়নের জন্য কিউএস বর্তমানে মোট নয়টি সূচক ব্যবহার করে, যার প্রতিটিতে সর্বোচ্চ স্কোর ১০০। সূচকগুলোর গড় স্কোরের ভিত্তিতে চূড়ান্ত অবস্থান নির্ধারিত হয়। কিউএস র‍্যাংকিংয়ের সূচকগুলো হলো- গবেষণা ও আবিষ্কার, শিখন অভিজ্ঞতা, কর্মসংস্থান, বৈশ্বিক সম্পৃক্ততা, স্থায়িত্ব, ইন্টারন্যাশনাল ফি, স্কলারশিপ, স্টুডেন্ট মিক্স, ইংলিশ টেস্ট এবং একাডেমিক টেস্ট।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক স্কোর ২৮ দশমিক ৭০। গবেষণা ও আবিষ্কার সূচকে একাডেমিক খ্যাতিতে স্কোর ৩০ দশমিক ৫০ এবং শিক্ষকপ্রতি গবেষণা-উদ্ধৃতিতে স্কোর ৬ দশমিক ৯০ পেয়েছে বিশ্ববিদ্যালয়টি। এ ছাড়াও, শিক্ষণ অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষক-শিক্ষার্থী অনুপাতে স্কোর ১০ দশমিক ৫০, কর্মসংস্থান ক্ষেত্রে ফলাফলের স্কোর ৯৭ এবং চাকরির বাজারে সুনামের জন্য স্কোর ৫১ দশমিক ৩০ অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। বৈশ্বিক সম্পৃক্ততা সূচকে আন্তর্জাতিক শিক্ষক অনুপাতে স্কোর ২ দশমিক ২০, আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্কে ৫৭ দশমিক ৮০, আন্তর্জাতিক শিক্ষার্থী অনুপাতে ১ দশমিক ৪০ এবং ছাত্র বৈচিত্র্যে স্কোর ১ দশমিক ৩০ পেয়েছে এই বিশ্ববিদ্যালয়। 'সাসটেইনেবিলিটি' বা স্থায়িত্ব সূচকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্কোর ৫৪ দশমিক ২০।

অন্যদিকে, ইন্টারন্যাশনাল ফি ও স্কলারশিপ সূচকে কোনো অর্জন করেনি ঢাকা বিশ্ববিদ্যালয়। স্টুডেন্ট মিক্স সূচকে দেশীয় ১০০ শতাংশ আন্তর্জাতিক ০ শতাংশ, ইংলিশ টেস্ট এবং একাডেমিক টেস্ট সূচকেও কোনো অর্জন করেনি ঢাকা বিশ্ববিদ্যালয়।

উল্লেখ্য, বিশ্বব্যাপী বিশ্ববিদ্যালয়গুলোর র‍্যাংকিং মূল্যায়নকারী প্রতিষ্ঠান কিউএস ১৯ জুন তাদের ওয়েবসাইটে সেরা বিশ্ববিদ্যালয়ের র‍্যাংকিংয়ের তথ্য প্রকাশ করে। ২০২৬ সালের 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিংস ২০২৬ : টপ গ্লোবাল ইউনিভার্সিটিজ' শীর্ষক এই র‍্যাংকিংয়ে বিশ্বের এক হাজার ৫০১টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্থান পেয়েছে বাংলাদেশের মোট ১৫টি সরকারি ও বেসরকারি উচ্চ শিক্ষালয়।

র‍্যাংকিংয়ে ঢাবির পর দেশে দ্বিতীয় হয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়। গতবারের মতো তাদের অবস্থান ৭৫০-এর পরে (৭৬১-৭৭০তম)। আর গতবছরের মতো বেসরকারি নর্থ সাউথ ইউনিভার্সিটি তৃতীয় স্থান অর্জন করেছে। ঢাবির মতো এই বিশ্ববিদ্যালয়ও র‍্যাংকিংয়ের অবস্থান পিছিয়েছে। এবার তাদের অবস্থান ৯৫১-১০০০তম, যেটি গতবার ছিল ৮০১-৮৫০তম।

টানা ১৪তম বছরের মতো প্রথম স্থানে রয়েছে ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অফ টেকনোলজি (এমআইটি)। দ্বিতীয় স্থানে রয়েছে ইম্পেরিয়াল কলেজ লন্ডন, তৃতীয় ও চতুর্থ স্থানে রয়েছে যথাক্রমে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ও হার্ভার্ড বিশ্ববিদ্যালয়। ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয় রয়েছে পঞ্চম স্থানে।

২০০৪-২০০৯ সাল পর্যন্ত ব্রিটেন ভিত্তিক শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশনের সঙ্গে যৌথভাবে সেরা বিশ্ববিদ্যালয়ের র‍্যাংকিং প্রকাশ করলেও ২০১০ সালে আলাদা হয়ে যায় কিউএস। এরপর থেকে আলাদাভাবে র‍্যাংকিং প্রকাশ করে আসছে তারা। কিউএসের প্রকাশিত সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকাকে বিশ্বব্যাপী সবচেয়ে গ্রহণযোগ্য র‍্যাংকিংগুলোর একটি মনে করা হয়।

## The Daily Observer

QS WORLD UNIVERSITY RANKINGS

### DU tops locally, stagnates globally at 584

DU Correspondent

Dhaka University (DU) has successfully defended its position as Bangladesh's leading educational institution, securing 584th place worldwide in the prestigious QS World University Rankings 2026.

The achievement marks the second consecutive year the university has featured amongst the globe's top 600 institutions.

The comprehensive assessment, conducted by UK-based Quacquarelli Symonds, evaluated 1,501 universities globally using nine critical performance indicators.

Dhaka University demonstrated remarkable strength in employment outcomes, scoring an impressive 97.00 out of 100, alongside solid employer reputation ratings of 51.30.

The institution's sustainability efforts earned recognition with a score of 54.20, reflecting its commitment to environmental responsibility.

However, the university faces challenges in international engagement, recording modest scores in international student ratio (1.40) and faculty diversity (2.20).

Academic reputation stood at 30.50, whilst research impact measured through citations per faculty reached 6.90. The faculty-student ratio scored 10.50, indicating reasonable teaching capacity.

With an overall score of 28.70, the ranking underscores Dhaka University's continued progress in quality education and research excellence.

Though seemingly comprehensive, the QS assessment often overlooks contextual inequalities, favouring English-speaking, resource-rich institutions.

Metrics like employer reputation are biased, and low scores in faculty diversity or sustainability reveal deeper structural issues. Such rankings can mask underfunding, poor governance, and inequitable student experiences in lower-ranked yet locally vital universities like DU.

## জনকণ্ঠ

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের গবেষণায় ৩ লাখ টাকা পর্যন্ত সহায়তা দেবে ইউজিসি

স্টাফ রিপোর্টার ॥ পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মৌলিক গবেষণায় সহায়তা দেবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। শিক্ষকপ্রতি দুই লাখ ৬০ হাজার থেকে তিন লাখ টাকা পর্যন্ত সহায়তা পাওয়া যাবে। বৃহস্পতিবার রাতে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে ইউজিসি। আগ্রহী শিক্ষকদের আগামী ১৬ জুলাইয়ের মধ্যে ইউজিসির ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত ফরম পূরণ করে অনলাইনে আবেদন করতে হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, পাবলিক বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষকের জন্য অনলাইনে গবেষণা প্রকল্প প্রস্তাব জমার বিষয়টি উন্মুক্ত। তবে প্রভাষকদের ন্যূনতম যোগ্যতা হিসেবে পিএইচডি ডিগ্রি থাকা বাধ্যতামূলক করা হয়েছে। এদিকে, পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো গবেষক ইউজিসির অর্থায়নে কোনো গবেষণা কাজে যুক্ত থাকলে তা সম্পন্ন না হওয়া পর্যন্ত আবেদন করতে পারবেন না। নতুন করে আবেদনকারী গবেষকরা একাধিক ক্যাটাগরিতে গবেষণা প্রস্তাব জমা দিতে পারবেন না। গবেষণা প্রস্তাবের প্রধান না হলে অন্য প্রধান গবেষকের প্রস্তাবে গবেষণা সহযোগী হতে বাধা থাকছে না। কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং ব্যবসায় শিক্ষা শাখার গবেষণায় ২ লাখ ৬০ হাজার টাকা এবং বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা শাখার জন্য তিন লাখ টাকা বরাদ্দ পাবেন। গবেষণা অনুদান হিসেবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে দেওয়া অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট গবেষকদের ইউজিসের সব শর্ত ও নির্দেশনা মেনে চলতে হবে।

## সংবাদ

# ৩ লাখ টাকা পর্যন্ত গবেষণা সহায়তা পাবেন বিশ্ববিদ্যালয় শিক্ষকরা

নিজস্ব বার্তা পরিবেশক

পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মৌলিক গবেষণায় সহায়তা হিসেবে সর্বোচ্চ তিন লাখ টাকা দেয়ার ঘোষণা দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। সম্প্রতি এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে ইউজিসি। আগ্রহী শিক্ষকদের আগামী ১৬ জুলাইয়ের মধ্যে ইউজিসির ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত ফরম পূরণ করে অনলাইনে আবেদন করতে হবে।

বিজ্ঞপ্তির তথ্যমতে, পাবলিক বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষকের জন্য অনলাইনে গবেষণা প্রকল্প প্রস্তাব জমার বিষয়টি উন্মুক্ত। তবে প্রভাষকদের ন্যূনতম যোগ্যতা হিসেবে পিএইচডি ডিগ্রি থাকা বাধ্যতামূলক করা হয়েছে।

এদিকে পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো গবেষক ইউজিসির অর্থায়নে কোনো গবেষণা কাজে যুক্ত থাকলে তা সম্পন্ন না হওয়া পর্যন্ত আবেদন করতে পারবেন না।